

Joint Press Release on the occasion of 7th India–Suriname Joint Commission Meeting

December 02, 2020

7ম ভারত-সুরিনাম যৌথ কমিশন বৈঠক উপলক্ষে যৌথ প্রেস বিজ্ঞপ্তি

ডিসেম্বর 02, 2020

পররাষ্ট্র বিষয়ক প্রতিমন্ত্রী মহামান্য শ্রী ভি মুরালিধরন এবং সুরিনাম প্রজাতন্ত্রের বিদেশ বিষয়ক, বাণিজ্য, আন্তর্জাতিক বাণিজ্য ও আন্তর্জাতিক সহযোগিতা মন্ত্রী, মহামান্য অ্যালবার্ট আর রামদিনের যৌথ-সভাপতিত্বে 2রা ডিসেম্বর, 2020 7ম ভারত-সুরিনাম যৌথ কমিশন বৈঠক (জেসিএম)-এর বৈঠক অনুষ্ঠিত হয়েছিল। বন্ধুত্বপূর্ণ ভারত- সুরিনাম সম্পর্ক -এই পটভূমিকায় উষ্ণ পরিবেশে আলোচনা অনুষ্ঠিত হয়।

2. উভয় মন্ত্রীই রাজনৈতিক সংলাপকে আরও গভীর করার, দ্বিপাক্ষিক সম্পর্কের পর্যালোচনা এবং আঞ্চলিক ও বহুপাক্ষিক সহযোগিতার বিষয়ে মতবিনিময় করার ক্ষেত্রে এই পদ্ধতির গুরুত্বের উপর জোর দিয়েছিলেন।

3. উভয় পক্ষই সন্তোষ সহকারে জানান যে ইন্দো-সুরিনাম সম্পর্কগুলি, যেগুলির দৃঢ় সাংস্কৃতিক এবং ঐতিহাসিক বন্ধন রয়েছে, তা সৌহার্দ্য এবং বিভিন্ন বিষয়ে মতামতকে বোঝার এবং সংহতকরণ দ্বারা চিহ্নিত করা হয়েছে। মন্ত্রীর বাণিজ্য ও বিনিয়োগের ক্ষেত্রে দ্বিপাক্ষিক সম্পর্কের ক্ষেত্রে উন্নয়নের লক্ষ্যে স্বজনশীল শিল্প, স্বাস্থ্য, চিকিত্সার ঐতিহ্যবাহী ব্যবস্থা, কৃষি, খনন, জ্বালানি, প্রতিরক্ষা, সংস্কৃতি ও শিক্ষা, কনসুন্সার সহযোগিতা এবং উন্নয়ন অংশীদারিত্ব এবং দুই দেশের জনগণের বন্ধনকে শক্তিশালী করা সহ বিভিন্ন বিষয়ে নতুন গতি যুক্ত করতে সম্মত হয়েছেন।

4. দুই মন্ত্রী দক্ষিণ-দক্ষিণ সহযোগিতার আলোকে লাইন অব ক্রেডিটের মাধ্যমে ছাড়যুক্ত শর্তে উন্নয়নমূলক প্রকল্প গ্রহণের গুরুত্বকে স্বীকার করেছেন। তারা উল্লেখ করেছেন যে সুরিনামের সাথে ভারতের উন্নয়নের অংশীদারিত্ব বিদ্যুৎ উৎপাদন ও ট্রান্সমিশন নেটওয়ার্ক, সাধারণ সরবরাহ এবং জল সরবরাহ সহ বিস্তৃত ক্ষেত্রে অন্তর্ভুক্ত করে। তারা সুরিনামের জ্বালানি সুরক্ষা, জ্বালানি দক্ষতা এবং শক্তি মিশ্রণে অবদান রাখার উদ্দেশ্যে গৃহীত পাইপলাইনে প্রকল্পগুলির প্রাথমিক বাস্তবায়নের অপেক্ষায় ছিলেন।

5. মন্ত্রীরা রাষ্ট্রসংঘের সুরক্ষা কাউন্সিল সংস্কারসহ আন্তর্জাতিক পর্যায়ে পারস্পরিক সহায়তা প্রদানের প্রতিশ্রুতির কথা পুনরায় ব্যক্ত করেন।
6. দ্বিপাক্ষিক সম্পর্ক আরও জোরদার ও প্রসারিত করার লক্ষ্যে মন্ত্রীরা যৌথ কমিশনের ব্যবস্থার মাধ্যমে বিভিন্ন বিষয়ে নিবিড়ভাবে কাজ চালিয়ে যাওয়ার সংকল্প করেন।
7. পরের জেসিএম সভা পারস্পরিক সুবিধাজনক তারিখে পারমারিবোতে 2022 সালে অনুষ্ঠিত হবে বলে উভয় পক্ষই সম্মতি প্রদান করে।

নিউ দিল্লী
ডিসেম্বর 02, 2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.